

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM

র্যাব জানিয়েছে, প্রতিটি ব্যাটালিয়ন নিজ নিজ এলাকার ঝুঁকি মূল্যায়ন করে পৃথক নিরাপত্তা পরিকল্পনা করেছে। আগাম তথ্য সংগ্রহে গোয়েন্দা তৎপরতা জোরদার করা হয়েছে। এ জন্য এলাকাভিত্তিক যোগাযোগ ব্যক্তি, ইনফর্মার ও সোর্স সক্রিয় রাখা হয়েছে।

৪ আগস্ট দিবাগত রাত থেকেই অনুষ্ঠানস্থল, রোডমার্চ ও পদযাত্রার নির্ধারিত রুট এবং জুলাই স্মৃতিস্তম্ভগুলোতে অতিরিক্ত নিরাপত্তা মোতায়েন করা হয়েছে।

র‍্যাব সদস্যরা নিজস্ব ব্যবস্থাপনায় দায়িত্ব পালন করবেন। একই সঙ্গে স্থানীয় প্রশাসন, অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনী ও গোয়েন্দা সংস্থার সঙ্গে সমন্বয় করে গুরুত্বপূর্ণ এলাকায় সাদা পোশাকে নজরদারি বাড়ানো হয়েছে।

সম্ভাব্য নাশকতা ঠেকাতে নিষিদ্ধ সংগঠন ও সন্দেহভাজন ব্যক্তিদের ওপর গোয়েন্দা নজরদারি আরও জোরদার করা হয়েছে। প্রতিটি জেলার অনুষ্ঠানস্থল ও জুলাই স্মৃতিস্তম্ভে ইউনিফর্মধারী সদস্যদের পাশাপাশি সাদা পোশাকেও নজরদারি চলছে।


সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব ও অপপ্রচার ঠেকাতে সাইবার পেট্রোলিংও বাড়ানো হয়েছে।

র‍্যাব জানিয়েছে, জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে সব নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করতে বাহিনীটি সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। একই সঙ্গে যেকোনো ধরনের অপরাধ ও নাশকতা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

এ বিভাগের আরও খবর



গাজীপুরে গার্মেন্টসে আগুন: আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার
গাজীপুরের ডেগির চালা এলাকায় একটি তৈরি পোশাক কারখানায় লাগা আগুন কারখানার ভেতরে আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। আ...



হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার
২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার...



কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছান প্রথম ইউরেনিয়ামের চালান
কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। আজ শনিবার (৩ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে গাড়িবহর...



চট্টগ্রাম বন্দরে ১৫০ টন বিপজ্জনক কেমিক্যাল ধ্বংস শুরু
চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা নিশ্চিত করা এবং কনটেইনার জট কমাতে দীর্ঘদিন পড়ে থাকা বিপজ্জনক কেমিক্যাল ধ্বংসের কার্যক্রম শুরু হয়েছে। এসব কেমিকা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/julai-gnobhjutthan-dibse-deshjure-rjaber-bishesh-nirapta-bjbstha-jordar>